

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ' শীর্ষক প্রকল্পের অধীনে খুলনা জেলা শহরে নিম্নবর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫বছর) মহিলাদের বিনামূল্যে ০১ জানুয়ারি ২০২২ হতে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত ০৩ মাস মেয়াদে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের জন্য Online-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রাম	খুলনা	০৩ মাস মেয়াদী, ৬০ দিন ব্যাপি, ৩৬০ ঘণ্টা।	৩০ (ত্রিশ) জন	১৬-৪৫ বছর	এসএসসি পাশ (ইতোপূর্বে এ প্রকল্প থেকে প্রশিক্ষণপ্রাপ্ত কোন নারী আবেদন করতে পারবেন না)

নিম্নবর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

০১. প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd)এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

- (ক) online-এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময় ০২/১২/২০২১ খ্রি: সকাল ০৯.০০টা হতে ১৫/১২/২০২১ খ্রি: দুপুর ১২.০০ টা।
উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের pdf কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।
(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঞ্জন ছবি দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ (৩০০)pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।
ছবির সাইজ সর্বোচ্চ 300 Kb হতে হবে।
(গ) উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনায় আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫/১২/২০২১ খ্রি: বিকাল ৪.০০টা।

০২. online-এ আবেদন করে আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর (স্বাক্ষর বিহীন কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নহে) পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদন পত্র প্রার্থী উপপরিচালকের কার্যালয়ে মূল আবেদনপত্র দাখিল করতে হবে।

০৩. online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট কপি উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা এর কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি এবং স্বাক্ষরবিহীন কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪. বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস- বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


০৫. প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে জেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬. সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য দৈনিক ২০০/- (দুইশত) টাকা করে ৬০ (ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

০৭. আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।

০৮. নির্ধারিত সময়ের মধ্যে online-এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৯. প্রার্থীদের সাক্ষাতকার গ্রহণের তারিখ, সময় ও স্থান যথাসময়ে প্রার্থীর মোবাইল ফোনে জানানো হবে।


2021

(হাসনা হেনা)

উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা

ও সদস্য-সচিব

প্রশিক্ষণার্থী বাছাই কমিটি

০১৭১১-৪৪৮৯১১